

# ফিরিশতাদের উপর বিশ্বাস সংক্রান্ত কুরআনের আয়াত ও নিউ টেস্টামেন্টের বাণী

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুল্লাহ  
বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “ফিরিশতাদের উপর বিশ্বাস সংক্রান্ত কুরআনের আয়াত ও নিউ  
টেস্টামেন্টের বাণী”।

পবিত্র কোরআনুল কারীমে আল্লাহ তা’য়লা ইরশাদ করেন:

১। তিনি তোমাদের উপর রক্ষক (ফেরেশতা) পাঠান। অবশেষে যখন তোমাদের কারো মৃত্যুর  
সময় হয়, তখন আমার প্রেরিত (ফেরেশতারা) তার মৃত্যু ঘটায় এবং তারা কোনই ত্রুটি করে না।

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ وَيُرْسِلُ عَلَيْكُمْ حَفَظَةً حَتَّىٰ إِذَا جَاءَ أَحَدَكُمْ الْمَوْتُ تَوَفَّقَتْهُ  
رُسُلُنَا وَهُمْ لَا يُفَرِّطُونَ ﴿٦١﴾

তিনিই স্বীয় বান্দাদের উপর পরাক্রমশালী এবং তিনিই তোমাদের রক্ষক প্রেরণ করেন। অবশেষে  
যখন তোমাদের কাহারও মৃত্যু উপস্থিত হয় তখন আমার প্রেরিতরা তাহার মৃত্যু ঘটায় এবং তাহারা  
কোন ত্রুটি করে না। সূরা আল আনআম ৬ঃ ৬১

২। এমন কোন প্রাণ নেই, যার উপর একজন হিফাজতকারী (ফেরেশতা) নিযুক্ত নেই।

إِنَّ كُلَّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ ﴿٤﴾

প্রত্যেক জীবের উপরই তত্ত্বাবধায়ক রহিয়াছে। সূরা আত তারিক ৮৬ঃ ৪

৩। (এই মহান আল্লাহর সাথেই তারা শিরক করেছে, যার ফলে) তাদের উপর আকাশ ভেঙে  
পড়ার উপক্রম হয়েছে। (আল্লাহ এতোই মহান ও উদার যে) তা সত্ত্বেও ফেরেশতারা তাদের প্রভুর  
প্রশংসার তসবিহ করার সাথে সাথে পৃথিবীর অধিবাসীদের জন্যেও ক্ষমা প্রার্থনা করে।

تَكَادُ السَّمَاوَاتُ يَتَفَطَّرْنَ مِنْ فَوْقِهِنَّ وَالْمَلَائِكَةُ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ وَيَسْتَغْفِرُونَ  
لِمَنْ فِي الْأَرْضِ أَلَا إِنَّ اللَّهَ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ﴿٥﴾

আকাশমণ্ডলী উর্ধ্বদেশ হইতে ভাঙ্গিয়া পড়িবার উপক্রম হয় এবং ফিরিশতাগণ তাহাদের প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করে এবং মর্ত্যবাসীদের জন্য ক্ষমা প্রার্থনা করে। জানিয়া রাখো, আলহু, তিনি তো ক্ষমাশীল, পরম দয়ালু। সূরা আশ শুরা ৪২ঃ ৫

৪। জাকারিয়া যখন মেহরাবে সালাতে দাঁড়িয়ে ছিলেন, তখন ফেরেশতারা তাকে এসে পুত্র (ইয়াহিয়া) লাভের সুসংবাদ দিয়েছিলেন।

فَنَادَتْهُ الْمَلَائِكَةُ وَهُوَ قَائِمٌ يُصَلِّي فِي الْمِحْرَابِ أَنَّ اللَّهَ يُبَشِّرُكَ بِيَحْيَىٰ مُصَدِّقًا بِكَلِمَةٍ مِّنَ اللَّهِ وَسَيِّدًا وَحَصُورًا وَنَبِيًّا مِّنَ الصَّالِحِينَ ﴿٣٩﴾

যখন যাকারিয়া কক্ষে সালাতে দাঁড়াইয়াছিলেন তখন ফিরিশতাগণ তাহাকে সম্বোধন করিয়া বলিল, আলহু তোমাকে ইয়াহুইয়ার সুসংবাদ দিতেছেন, সে হইবে আলহুর বাণীর সমর্থক, নেতা, স্ত্রী বিরাগী এবং পুণ্যবানদের মধ্যে একজন নবী। সূরা আলে ইমরান ৩ঃ ৩৯

নিউ টেস্টামেন্টের বাণী

এক্সোডাস (Exodus) ২৩: ২০

আমি তোমাদের পাহাড়া দেয়ার জন্য ফিরিশতা পাঠাচ্ছি। এবং ফেরেশতারা তোমাদের জন্যে নির্ধারিত স্থানে (জান্নাত ও জাহান্নামে) তোমাদেরকে নিয়ে আসবে। সে নির্ধারিত স্থানে আমি তোমাদের জন্যে তৈরি করেছি।

রিভিলেশনস (Revelations) ৭: ১১

সমস্ত ফেরেশতারা আল্লাহর সিংহাসনের চারিদিকে দাঁড়িয়ে থাকবে। এবং সৃষ্টিকুল ও সেখানে উপস্থিত হবে। ফেরেশতারা আল্লাহর সিংহাসনের সামনে সেজদাবনত হবে এবং তাঁর ইবাদত করবে।

লুক (Luke) ১৫: ১০

পাপী যখন অনুশোচনা (তওবা) করে ফেরেশতারা আনন্দিত হয়।

লুক (Luke) ১: ১১- ১৩

জাকারিয়া যখন উপাসনালয়ে সৃষ্টিকর্তার প্রার্থনারত ছিল, তখন একজন ফেরেশতা এসে বললো, “ভয় পেয়ো না জাকারিয়া (Zechariah) তোমার প্রার্থনা গৃহীত হয়েছে, তোমার স্ত্রী এলিজাবেথ (Elizabeth) এক পুত্র সন্তান জন্ম দিবে, তুমি তার নাম রাখবে জন (John) (ইয়াহিয়াহ)

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! ফেরেশতাদের উপর বিশ্বাস ঈমানের অঙ্গ। ফেরেশতারা আমাদের সৎ কাজ ও মন্দ কাজ সংরক্ষণ করছেন। ফেরেশতারা আল্লাহর নির্দেশে আমাদের মৃত্যু ঘটাবেন। ফেরেশতারা কবরে আমাদেরকে প্রশ্ন করবেন। ফেরেশতারা আমাদেরকে জান্নাতে স্বাগতম জানাবেন অথবা জাহান্নামে নিক্ষেপ করবেন। ফেরেশতারা আল্লাহর নির্দেশ যথাযথভাবে পালন করে থাকেন। কোন শৈথিল্য প্রদর্শন করেন না। উপরের কাজগুলো ফেরেশতারা আল্লাহর নির্দেশেই করে থাকেন।

আসুন, আমরা কোরআন ও সহীহ হাদীসের নির্দেশ মোতাবেক আমাদের জীবন পরিচালিত করি।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহু।